



Topic wise Short Plan

Half yearly 2020

Class: _____6

Subject: Bangla 1st

৬ষ্ঠ শ্রেণি

**বিষয়: বাংলা চারপাঠ
আজকের পাঠ: তোলপাড়
রিভিশন
লেকচার -৩**

জ্ঞানমূলক প্রশ্ন:

১. পাঞ্জাবি মিলিটারিয়া নিরীহ বাঙালির উপর ঝাপিয়ে পড়েছিল কবে?
২. ‘জওয়ান’ শব্দের অর্থ কী?
৩. সাবু শহর ফেরত মানুষদের কী খাওয়াচেছ?
৪. শহর থেকে গাবতলি গ্রামের দূরত্ব কত?
৫. কে হন্তদন্ত হয়ে উঠানে আসে?
৬. ‘চিক্র’ শব্দের অর্থ কী?
৭. সাবুদের বাড়ির পাশ দিয়ে গেছে কোন সড়ক?
৮. সাবুদের গ্রামের নাম কী?
৯. কার হাতের মুঠো শক্ত হচ্ছিল?
১০. সাবুর মায়ের নাম কী?
১১. ‘খাবি খাওয়া’ শব্দের অর্থ কী?
১২. ঢাকা শহরে কারা বাঙালিকে গুলি করে মারছে?
১৩. সাবুর শরীর থরথর করে কাঁপতেছিল কেন?
১৪. ঢাকা থেকে সব খবর কতদিন পরে সাবুদের গ্রামে পৌছাতো?
১৫. ছোটদের জন্য লেখা শওকত ওসমানের দুটি গ্রন্থের নাম লিখ।
১৬. শওকত ওসমানের প্রকৃত নাম কী?
১৭. শওকত ওসমান কত সালে জন্ম গ্রহণ করেন?

১৮. 'তোলপাড়' গল্লটি পাঠের উদ্দেশ্য কী?

১৯. 'পঞ্চসঙ্গী' কার লেখা?

২০. 'তোলপাড়' গল্লটির মূল বিষয় কী?

২১. শওকত ওসমান কত সালে মৃত্যুবরণ করেন?

২২. লেখক শওকত ওসমান কোন গ্রামে জন্মগ্রহণ করেন?

২৩. লেখক শওকত ওসমান পেশায় কি ছিলেন?

২৪. লেখক শওকত ওসমান যে সকল সাহিত্যিক পুরস্কার পেয়েছেন তার ২টি নাম লিখ।

অনুধাবন প্রশ্ন:

১. কিশোর সাবুর মন চথ্বল হল কেন? ব্যাখ্যা কর।

২. সাবুর বুকে তোলপাড় শুরু হল কেন?

৩. 'অসীম আক্রেশে তার রক্ত টগবগ করে ফুটতে থাকে। ব্যাখ্যা কর।

৪. একদম পিলপিল পিংপড়ের সারি"-ব্যাখ্যা কর।

৫. 'আর এখন কিছু করতে না পারলে অসোয়ান্তি"- সাবুর এই মনোভাবের কারণ ব্যাখ্যা কর।

৬. 'জীবন্ত যাকে পাচ্ছে তাকেই হত্যা করছে" ব্যাখ্যা কর।

সৃজনশীল প্রশ্ন:

১. সর্বনাশা বাড় সিডরে বাগেরহাট জেলার প্রত্যন্ত গ্রামগুলোর অবস্থা তখন ভয়াবহ। ত্রাণ নেই, খাবার নেই, পানি নেই, চারিদিকে শুধু হাহাকার। শওকত তার বন্ধুদের বলল- চল আমরা দুর্গতদের পাশে গিয়ে দাঁড়াই। বন্ধুরা শওকতের প্রস্তাবে রাজি না হওয়ায় সে একাই ছুটে গেলো দুর্গত এলাকায়। গিয়ে দেখলো তার মত আরও কয়েকজনকে। তারা নিরলস পরিশ্রম করে দুর্গতের সেবা করতে লাগল।

ক) 'জায়িফ' শব্দের অর্থ কী?

খ) 'অসীম আক্রেশে তার রক্ত টগবগ করে ফুটতে থাকে'- কেন ?

গ) উদ্দীপকের শওকতে চরিত্রে 'তোলপাড়' গল্লের সাবুর কোন বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়?

ঘ) "তোলপাড়" গল্লের সাবুর অসহায় মানুষের সেবকার পিছনে যে প্রেরণা, উদ্দীপকের শওকতের মাঝেও সেই একই প্রেরণা কাজ করেছে"- মন্তব্যটি যাচাই কর।